Embassy of the People's Republic of Bangladesh
3510 International Drive, NW
Washington, D.C.
https://washington.mofa.gov.bd/en/site/view/PressRelease

PRESS RELEASE

Bangladesh Ambassador presents credentials to US President: US acknowledges enduring partnership with Bangladesh: Joe Biden

Washington, DC, 07 January 2023:

US President Joe Biden has said his country acknowledges their enduring partnership with Dhaka and termed Bangladesh's economic growth in the past 50 years as a "remarkable story".

He made the remarks while accepting the credentials of the newly-appointed Bangladesh Ambassador to the USA Muhammad Imran at the White House.

"As 2022 marks the 50th anniversary of U.S.-Bangladesh relations, I would like to acknowledge our enduring partnership with Bangladesh," Mr. Biden mentioned in his written remarks.

While formally presenting the credentials to the US President recently, Ambassador Imran conveyed the greetings of President Md. Abdul Hamid and Prime Minister Sheikh Hasina to the US President.

Welcoming the new Bangladesh envoy in the United States, Mr. Biden said his administration looks forward to working with the Ambassador to expand bilateral relations between the two countries.

"My Administration looks forward to working with you to deepen our relations as we address the opportunities and challenges ahead. It is a pleasure to welcome you to Washington," he said in a letter to the Ambassador.

Mr. Biden also assured the Bangladesh Ambassador of extending all sorts of cooperation during his tenure in the United States.

Bangladesh has emerged as an important partner on international trade and investment, climate change, humanitarian, refugee, United Nations Peacekeeping, and counterterrorism, maritime and other security issues, he continued.

Mr. Biden said Bangladesh has expanded its largely agrarian-based economy to a regional economic power poised to become a major participant in global supply chains.

“I hope our nations will continue to work on democratic governance, climate change, refugess, and maritime security. We are invested in your success and support the ability of all Bangladeshis to freely participate in and contribute to their country's development,” he said.

Appreciating Bangladesh's generosity in hosting nearly one million Rohingyas, the US President said they will continue to support Bangladesh in assisting these refugees and their host communities, and protecting their rights.

The United States is committed to finding sustainable and durable solutions to this humanitarian crisis, he said.

On the COVID-19 pandemic, the US President mentioned that the United States is proud to partner with Bangladesh to address the global pandemic under the COVID-19 Global Action Plan. “We are committed to expanding our growing partnership in the months and years ahead,” he remarked.

This was for the first time after the coronavirus pandemic, the White House recently received in-person the credentials of the newly-appointed envoys. Ambassador Imran was the first in a group of 10 ambassadors who presented credentials.

After returning from the White House, Ambassador Imran paid rich tributes to Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman by placing a floral wreath at the bust of Bangabandhu at Bangladesh Embassy.

(AZM Sajjad Hossain)
Minister (Pre

Embassy of the People's Republic of Bangladesh
3510 International Drive, NW
Washington, D.C.
https://washington.mofa.gov.bd/en/site/view/PressRelease

সংবাদ বিজ্ঞপ্তি

মার্কিন প্রেসিডেন্টের কাছে বাংলাদেশের রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ: যুক্তরাষ্ট্র বাংলাদেশের সাথে তাদের স্থায়ী অংশীদারিত্বকে গুরুত্ব দেয়: জো বাইডেন

ওয়াশিংটন, ডিসি, ০৭ জানুয়ারী ২০২৩:

মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ঢাকার সঙ্গে তাদের স্থায়ী অংশীদারিত্বের কথা উল্লেখ করে গত ৫০ বছরে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির অসাধারণ অগ্রগতির প্রশংসা করেছেন ।

"২০২২ সালে মার্কিন যুক্তরাষ্ট্র-বাংলাদেশ সম্পর্কের ৫০তম বার্ষিকী উপলক্ষে, আমি বাংলাদেশের সাথে আমাদের স্থায়ী অংশীদারিত্বের বিষয়টিকে গুরুত্বের সাথে স্মরণ করতে চাই"। যুক্তরাষ্ট্রে বাংলাদেশের নবনিযুক্ত রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরানের পরিচয়পত্র গ্রহণকালে এক লিখিত মন্তব্যে তিনি একথা বলেন।

সম্প্রতি হোয়াইট হাউজে মার্কিন প্রেসিডেন্টের কাছে আনুষ্ঠানিকভাবে পরিচয়পত্র পেশ করার সময় রাষ্ট্রদূত ইমরান মার্কিন প্রেসিডেন্টকে রাষ্ট্রপতি মো: আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছা জানান।

যুক্তরাষ্ট্রে বাংলাদেশের নতুন রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে জো বাইডেন বলেন, দুদেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক সম্প্রসারণের জন্য মার্কিন প্রশাসন তার সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছেন।

তিনি বলেন, "আমার প্রশাসন দুদেশের সম্পর্ককে আরও গভীর করার জন্য আপনার সাথে কাজ করার জন্য আগ্রহী, কারণ আমরা আগামীর সুযোগ এবং চ্যালেঞ্জ মোকাবেলা করব। ওয়াশিংটনে আপনাকে স্বাগত জানাতে পেরে আনন্দিত"।

মার্কিন প্রেসিডেন্ট তার লিখিত মন্তব্যে গত ৫০ বছরে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিকে 'একটি অসাধারণ গল্প' হিসেবে উল্লেখ করেন। তিনি আরও বলেন, বাংলাদেশ আন্তর্জাতিক বাণিজ্য ও বিনিয়োগ, জলবায়ু পরিবর্তন, মানবিক, উদ্বাস্তু, জাতিসংঘ শান্তিরক্ষা, এবং সন্ত্রাস দমন, সামুদ্রিক এবং অন্যান্য নিরাপত্তা ইস্যুতে গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে আবির্ভূত হয়েছে।

জো বাইডেন বলেন, বাংলাদেশ তার বৃহত্তর কৃষিভিত্তিক অর্থনীতিকে একটি আঞ্চলিক অর্থনৈতিক শক্তিতে প্রসারিত করেছে যা বৈশ্বিক সাপ্লাই চেইনে একটি প্রধান অংশগ্রহণকারী হতে প্রস্তুত।

তিনি বলেন, “আমি আশা করি আমাদের দেশগুলি গণতান্ত্রিক শাসন, জলবায়ু পরিবর্তন, শরণার্থী এবং সামুদ্রিক নিরাপত্তা নিয়ে কাজ চালিয়ে যাবে। আমরা বাংলাদেশের সাফল্যে বিনিয়োগ করছি এবং সমস্ত বাংলাদেশিদের স্বাধীনভাবে অংশগ্রহণ করার এবং তাদের দেশের উন্নয়নে অবদান রাখার ক্ষমতাকে সমর্থন করি”।

প্রায় ১০ লাখ রোহিঙ্গাকে আশ্রয় দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশের উদারতার প্রশংসা করে মার্কিন প্রেসিডেন্ট বলেন, তারা এই উদ্বাস্তু ও তাদের আশ্রয়দাতা সম্প্রদায়কে সহায়তা এবং তাদের অধিকার রক্ষায় বাংলাদেশকে সমর্থন অব্যাহত রাখবে। তিনি বলেন, যুক্তরাষ্ট্র এই মানবিক সংকটের টেকসই ও স্থায়ী সমাধান খুঁজতে প্রতিশ্রুতিবদ্ধ।

কোভিড-১৯ মহামারী বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট বলেন, কোভিড-১৯ গ্লোবাল অ্যাকশন প্ল্যানের আওতায় বৈশ্বিক মহামারী মোকাবেলায় বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব করতে পেরে যুক্তরাষ্ট্র গর্বিত। তিনি বলেন, "আমরা সামনের মাস এবং বছরগুলিতে আমাদের ক্রমবর্ধমান অংশীদারিত্ব প্রসারিত করতে প্রতিশ্রুতিবদ্ধ" ।

করোনভাইরাস মহামারীর পরে প্রথমবারের মতো হোয়াইট হাউজে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নবনিযুক্ত রাষ্ট্রদূতদের ব্যক্তিগতভাবে পরিচয়পত্র গ্রহণ করেন। বাংলাদেশের রাষ্ট্রদূত ইমরানসহ বিভিন্ন দেশের ১০ জন রাষ্ট্রদূত এই পরিচয়পত্র পেশ করেন।

হোয়াইট হাউজ থেকে ফেরার পর রাষ্ট্রদূত ইমরান বাংলাদেশ দূতাবাসে বঙ্গবন্ধুর আবক্ষ মূর্তিতে পুষ্পস্তবক অর্পণ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

(এজেডএম সাজ্জাদ হোসেন)
মিনিস্টার (প্রেস)